# MRSA

## ভূমিকা

MRSA (কখনও কখনও 'সুপারবাগ' নামে উল্লিখিত)-এর পুরো নাম হল মেথিসিলিন-রেজিস্ট্যান্ট স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস। এটি স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস পরিবারের একটি ব্যাক্টেরিয়া।

স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস (SA) হল একটি সাধারণ প্রকারের ব্যাক্টেরিয়া। আমরা 3 জনের মধ্যে 1 জন কোনও প্রকারের সংক্রমণ ছাড়াই আমাদের ত্বকের উপরিতলে বা নাকে এটাকে বহন করি - একে বলা হয় ব্যাক্টেরিয়ার দ্বারা 'উপনিবেশ স্থাপন'। তবে SA ব্যাক্টেরিয়া যদি ফাটা ত্বকের মধ্যে দিয়ে শরীরে প্রবেশ করে, তাহলে এইগুলি সংক্রমণ ঘটাতে পারে।

মেথিসিলিন (Methicillin) হল SA-র চিকিৎসায় ব্যবহৃত একটি এন্টিবায়োটিক ওষুধ। MRSA ব্যাক্টেরিয়া হল সেই ধরনের SA ব্যাক্টেরিয়া, যার মেথিসিলিনের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা আছে (এবং সাধারণত SA-র সংক্রমণের চিকিৎসায় ব্যবহৃত হয় এমন অন্যান্য কিছু এন্টিবায়োটিকের বিরুদ্ধেও)।

MRSA সম্পূর্ণরূপে এন্টিবায়োটিক প্রতিরোধী নয়। হতে পারে যে আপনাকে হয়ত দীর্ঘদিন ধরে উচ্চতর ডোজে এন্টিবায়োটিক নিতে হবে অথবা এমন কোন ভিন্ন এন্টিবায়োটিক নিতে হবে যার বিরুদ্ধে MRSA-র প্রতিরোধ ক্ষমতা নেই।

## রোগলক্ষণগুলি

স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস (SA) সাধারণ ব্যাক্টেরিয়া এবং প্রায় 3 জনের মধ্যে 1 জন মানুষের দেহে এরা উপনিবেশ স্থাপন করে। এরা যাদের দেহে উপনিবেশ স্থাপন করে, তাদের মধ্যে অধিকাংশেরই কোনও সংক্রমণ হয় না এবং তাই তাদের কোনও রোগলক্ষণও থাকে না।

তবে SA ব্যাক্টেরিয়া শরীরে প্রবেশ করতে সক্ষম হলে সংক্রমণ ঘটাতে পারে - এইগুলি কোন ধরনের সংক্রমণ ঘটাবে তার উপরেই রোগলক্ষণগুলি নির্ভর করবে।

অধিকাংশ SA সংক্রমণই হল ত্বকের সংক্রমণ, যার মধ্যে ফোঁড়া, ফুসকুড়ি, সেলুলাইটিস ও ইমপেটিগো অন্যতম। দাগ, কাটা বা পোড়ার মত সামান্য ত্বকের সমস্যাগুলির উপরে আপনার নজর রাখা উচিত। আপনার যদি কোনও সংক্রামিত ক্ষত থাকে তাহলে আপনাকে একজন ডাক্তারকে দেখাতে হবে।

SA ব্যাক্টেরিয়া যদি রক্তধারায় প্রবেশ করতে সমর্থ হয়, তাহলে এইগুলি শরীরের প্রায় যে কোনও অংশকেই প্রভাবিত করতে পারে এবং সেপ্টিসিমিয়া (রক্ত বিষাক্ত হয়ে যাওয়া), অস্থিমজ্জার সংক্রমণ (অস্টিওমায়েলাইটিস), ফুসফুসের সংক্রমণ (নিউমোনিয়া) এবং হৃদপিন্ডের আস্তরণের সংক্রমণ (এন্ডোকার্ডাইটিস)-এর মত গুরুতর সংক্রমণ ঘটাতে পারে।

## কারণগুলি

সাধারণত স্বাস্থ্যবান মানুষদের MRSA সংক্রমণ হয় না। যারা ইতোমধ্যেই হাসপাতালে আছেন তাদের মধ্যেই এইগুলি সবচেয়ে সচরাচর দেখা যায়, কারণ প্রায় ক্ষেত্রেই ব্যাক্টেরিয়াটির প্রবেশ করার জন্য তাদের শরীরে একটা প্রবেশপথ থাকে, যেমন কোনও শল্যচিকিৎসার ক্ষত বা ইনট্রাভেনাস টিউব।



MRSA | Bengali | Translated 04/08 © Queen's Printer and Controller of HMSO 2008

MRSA সংক্রমণ আছে এমন একজন ব্যক্তি অথবা ব্যাক্টেরিয়ার দ্বারা অধ্যুষিত ব্যক্তির সংস্পর্শে এলে একজন মানুষের থেকে অন্যজনের দেহে সাধারণত MRSA সংক্রমণ ছড়িয়ে পড়ে। MRSA সংক্রমণ আছে এমন একজন ব্যক্তির স্পর্শ করা বস্তু স্পর্শ করার মাধ্যমেও এটা ছড়াতে পারে।
যাদের MRSA সংক্রমণের ঝুঁকি বেশি, এরা তাদের মধ্যে আছেন: যাদের উন্মুক্ত ক্ষত, পোড়া বা কাটা আছে; যাদের সোরিয়াসিসের মত একটি সুতীব্র ত্বকের রোগ আছে; যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল (যেমন বৃদ্ধ মানুষ অথবা ক্যান্সারের মত দীর্ঘকালীন রোগাবস্থায় আক্রান্ত মানুষরা); যাদের ক্যাথিটার বা ইনট্রাভেনাস ড্রিপ দেওয়া হয়; যারা সদ্য শল্যচিকিৎসা করিয়েছেন।

যদিও সাধারণত হাসপাতালে চিকিৎসারত মানুষদের মধ্যেই MRSA সংক্রমণ ঘটে, তবে হাসপাতালের কর্মী বা পরিদর্শকরাও সংক্রামিত হতে পারেন, যদি তারা এই উচ্চতর ঝুঁকিসম্পন্ন দলগুলির মধ্যে কোনও একটির অন্তর্গত হন।

## রোগনির্ণয়

রক্ত, মূত্র অথবা সংক্রামিত স্থানের কোষকলার একটি নমুনায় MRSA ব্যাক্টেরিয়ার উপস্থিতি পরীক্ষা করে MRSA সংক্রমণ নির্ণয় করা হয়। যদি MRSA ব্যাক্টেরিয়া পাওয়া যায়, তাহলে ব্যাক্টেরিয়াটির কোন এন্টিবায়োটিকের বিরুদ্ধে প্রতিরোধক্ষমতা নেই এবং সেই কারণে চিকিৎসা করার জন্য ব্যবহার করা যেতে পারে, তা দেখার জন্য পরবর্তী কিছু পরীক্ষা করা হবে।

অনেক হাসপাতাল এখন ভর্তি হওয়া সমস্ত মানুষকেই পরীক্ষা করে, কাদের দেহে MRSA-র উপনিবেশ আছে তা দেখার জন্য। ত্বক ও নাকের থেকে কোষের নমুনা, রক্ত ও মূত্রের নমুনাগুলিকে ব্যাক্টেরিয়ার উপস্থিতির জন্য পরীক্ষা করা হতে পারে। ফলাফল ফেরত আসতে 3-5 দিন সময় লাগতে পারে।

আপনার দেহে MRSA-র উপনিবেশ থাকলেও আপনাকে ভর্তি নেওয়া হতে পারে, তবে ডাক্তাররা MRSA ব্যাক্টেরিয়া কমানো বা দূর করার জন্য আপনার চিকিৎসা করতে পারেন।

## চিকিৎসা

আপনার দেহে যদি শুধুমাত্র MRSA ব্যাক্টেরিয়ার উপনিবেশ থাকে তাহলে অসুস্থতার জন্য আপনার কোনও চিকিৎসার দরকার নেই, তবে আপনি যেহেতু নিজেকে বা অন্যদের সংক্রামিত করতে পারেন, তাই ব্যাক্টেরিয়াটি দূর করা জরুরী। ব্যাক্টেরিয়াটি দূর করার জন্য আপনার ত্বকের উপরে বা নাকের অভ্যন্তরে একটি বিশেষ এন্টিবায়োটিক ক্রিম লাগানো হবে। একটি এন্টিবায়োটিক শ্যাম্পু ও লোশন দিয়ে আপনার ত্বক ও চুল ধোয়ারও প্রয়োজন হতে পারে।

আপনার যদি MRSA সংক্রমণ থাকে, তাহলে আপনাকে এমন এন্টিবায়োটিক দেওয়া হবে যেগুলি এখনও কার্যকর আছে (অর্থাৎ এখনও যার বিরুদ্ধে ব্যাক্টেরিয়াটির প্রতিরোধ ক্ষমতা গড়ে ওঠে নি)। ভ্যাংকোমাইসিন (vancomycin) বা লাইনজলিড (linezolid) এন্টিবায়োটিকগুলি দিয়ে অধিকাংশ MRSA সংক্রমণের চিকিৎসা করা যায়, যেগুলি সাধারণত ইনজেকশনের মাধ্যমে বা ধমনীর মধ্যে দিয়ে দেওয়া হয়। অধিকাংশ MRSA সংক্রমণের জন্য হাসপাতালে চিকিৎসা করানোর দরকার হবে এবং অনেক সপ্তাহ ধরে এন্টিবায়োটিক চিকিৎসা চালানোর দরকার হতে পারে।

## প্রতিরোধ

আপনাকে যদি এন্টিবায়োটিক প্রেসক্রাইব করা হয় তাহলে সম্পূর্ণ কোর্সটি সমাপ্ত করা জরুরী, এমন কি আপনি যদি ভাল অনুভব করতে শুরু করেন তাহলেও।

 © Queen's Printer and Controller of HMSO 2008

MRSA-র ছড়িয়ে পড়া আটকানোর সেরা উপায় হয় ভাল সুস্বাস্থ্যবিধি মেনে চলা। বাড়িতে কাটার চিকিৎসা করার সময়ে সবসময় ভালভাবে আপনার হাত ধুয়ে নিন এবং নিশ্চিত করুন যেন স্থানটি পরিচ্ছন্ন থাকে।

আপনি যদি হাসপাতালে থাকেন, তাহলে সুনিশ্চিত করুন যেন আপনি হাত ও শরীর পরিষ্কার রাখেন, শৌচালয় ব্যবহারের পরে হাত ধুয়ে নিন এবং খাওয়ার আগে ও পরে হাত ধুয়ে নিন।
হাসপাতালে কাউকে দেখতে যাওয়ার আগে ও পরে আপনাকে ভালভাবে হাত ধুতে হবে। অনেক হাসপাতাল বিশেষ এন্টিসেপ্টিক লোশন প্রদান করে - আপনি রোগীদের বিছানার পাশে এবং ক্লিনিকাল স্থানগুলির প্রবেশপথে ডিসপেন্সার খুঁজে পেতে পারেন, যা কর্মী ও পরিদর্শকদের ব্যবহারের উদ্দেশ্যে দেওয়া থাকে।

কোনও রোগীর সেবা করার আগে ও পরে হাসপাতালের কর্মীদের সুনিশ্চিত করতে হবে যেন তারা ভালভাবে তাদের হাত ধুয়ে ও শুকিয়ে নেন। উন্মুক্ত ক্ষতের সাথে শারীরিক সংস্পর্শে আসার সময়ে কর্মীদের ডিস্পোজেবল (ব্যবহারের পরে ফেলে দেওয়ার যোগ্য) দস্তানা পরা উচিত। আপনি যদি স্বাস্থ্যবিধির বিষয়ে উদ্বিগ্ন হন, তাহলে আপনার চিকিৎসারত ডাক্তার বা নার্সকে অথবা আপনার পরিদর্শকদের এটা জিজ্ঞাসা করতে ভয় পাবেন না যে তারা তাদের হাত ধুয়েছেন কিনা।

## গোপনীয় অনুবাদ পরিষেবা

আপনি কল করার কয়েক মিনিটের মধ্যেই NHS ডায়রেক্ট অনেক ভাষায় গোপনীয় দোভাষী প্রদান করতে পারে।

**আমাদের সরল 3টি ধাপের নির্দেশ অনুসরণ করুন** :

ধাপ 1- NHS ডায়রেক্ট এর টেলিফোন নম্বর 0845 4647-এ কল করুন।

ধাপ 2 - আমরা আপনার কলের উত্তর দেওয়ার পরে ইংরেজীতে বলুন যে আপনি কোন ভাষাটি ব্যবহার করতে চান। আপনাকে একজন দোভাষীর সাথে সংযুক্ত না করা পর্যন্ত লাইনে অপেক্ষা করুন, আপনার যে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য বা পরামর্শ প্রয়োজন, ইনি আপনাকে তা প্রদান করতে NHS ডায়রেক্ট-কে সাহায্য করবেন।

ধাপ 3 - বিকল্প হিসাবে আপনি একজন বন্ধু বা আত্মীয়কে আপনার হয়ে কল করার জন্য বলতে পারেন। আপনি কেন কল করেছেন তা ব্যাখ্যা করার আগে একজন দোভাষী লাইনে আসা অবধি অপেক্ষা করুন।

 © Queen's Printer and Controller of HMSO 2008